

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭১

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৩০. আত্মহত্যাকারীর জানাযার নামাযে ইমামের শরীক না হওয়া।

باب الإِمَام لاَ يُصلِّي عَلَى مَنْ قَتَلَ نَفْسَهُ

আরবী

حَدَّثَنَا ابْنُ نُفَيْلِ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا سِمَاكٌ، حَدَّثِنِي جَابِرُ بْنُ سَمُرَةَ، قَالَ مَرِضَ رَجُلٌ فَصِيحَ عَلَيْهِ فَجَاءَ جَارُهُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ إِنَّهُ قَدْ مَاتَ . قَالَ " وَمَا يُدْرِيكَ " . قَالَ أَنَا رَأَيْتُهُ . قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّهُ لَمْ يَمُتْ " . قَالَ فَرَجَعَ فَصِيحَ عَلَيْهِ فَجَاءَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَقَالَ إِنَّهُ قَدْ مَاتَ . فَوَجَعَ فَصِيحَ عَلَيْهِ فَقَالَتِ امْرَأَتُهُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنَّهُ لَمْ يَمُتْ " . فَرَجَعَ فَصِيحَ عَلَيْهِ فَقَالَتِ امْرَأَتُهُ انْظُلَقُ إِلَى رَسُولِ اللّهِ عليه وسلم قَافْرُرهُ . فَقَالَ الرَّجُلُ اللَّهُمَّ الْعَنْهُ . قَالَ ثُمَّ انْظُلَقُ الْكَي رَسُولِ اللّهِ عليه وسلم فَأَخْبِرْهُ . فَقَالَ الرَّجُلُ اللَّهُمَّ الْعَنْهُ . قَالَ ثُمَّ انْظُلَقَ الرَّجُلُ اللَّهُمَّ الْعَنْهُ . قَالَ ثُمَّ انْظُلَقَ الرَّجُلُ اللَّهُمَّ الْعَنْهُ . قَالَ ثُمَّ انْظُلَقَ الرَّجُلُ اللَّهُمَّ الْعَنْهُ . قَالَ الْمَالَقَ الرَّجُلُ اللَّهُ مَاتَ فَقَالَ " مَا يُدْرِيكَ " . قَالَ رَأَيْتُهُ يَنْحَرُ نَفْسَهُ بِمِشْقُصِ مَعَهُ فَانْطُلَقَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَأَخْبُرهُ أَنَّهُ قَدْ مَاتَ فَقَالَ " مَا يُدْرِيكَ " . قَالَ رَأَيْتُهُ يَنْحَرُ نَفْسَهُ بِمَشَاقِصَ مَعَهُ . قَالَ " أَنْتُ رَأَيْتُهُ يَنْحَرُ نَفْسَهُ بِمَشَاقِصَ مَعَهُ . قَالَ " إِذًا لاَ أُصَلِّي عَلَيْهِ " .

বাংলা

৩১৭১. ইবন নুফায়ল (রহঃ) জাবির ইবন সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ জনৈক ব্যক্তি অসুস্থ হয়ে পড়েছিল। পরে তার মৃত্যু খবর ছড়িয়ে পড়ে। তখন তার প্রতিবেশী রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাযির হয়ে বলেঃ সে ব্যক্তি মারা গেছে। তখন তিনি জিজ্ঞাসা করেনঃ তুমি কিরূপে এ খবর জানলে? সে বলেঃ আমি তাকে দেখে এসেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সে মারা যায়নি। রাবী বলেনঃ তখন সে ব্যক্তি ফিরে যায়। ইত্যবসরে তাঁর জন্য কায়ার রোল শোনা গেলে, সে ব্যক্তি (প্রতিবেশী) আবার রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাযির হয়ে বললঃ অমুক ব্যক্তি মারা গেছে। তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ না, সে মারা যায়নি। রাবী বলেনঃ তখন সে ব্যক্তি ফিরে যায়। তখন তার জন্য আবার কায়ার রোল শোনা গেল এবং সে মৃত ব্যক্তির স্ত্রী তাকে (প্রতিবেশী) বললঃ আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গিয়ে এ খবর দিন।



তখন সে ব্যক্তি বললঃ ইয়া আল্লাহ্! আপনি এর উপর লা'নত করুন! রাবী বলেনঃ তখন সে ব্যক্তি মৃত ব্যক্তির কাছে হাযির হয়ে দেখতে পেল যে, সে তীরের ফলা দিয়ে নিজের গলা কেটে আত্মহত্যা করেছে। তখন সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গিয়ে খবর দিল যেঃ সে ব্যক্তি মারা গেছে। তিনি জিজ্ঞাসা করলেনঃ তুমি কিরূপে এ খবর জানলে? সে বলেঃ আমি দেখে এসেছি যে, সে ব্যক্তি তার নিজের তীরের ফলা দিয়ে গলা কেটে আত্মহত্যা করেছে। তিনি বলেনঃ তুমি কি তাকে এরূপই দেখে এসেছ? তখন সে বলেঃ হ্যাঁ। তিনি বলেনঃ তাহলে আমি তার জানাযার নামায পড়ব না।

English

Narrated Jabir ibn Samurah:

A man fell ill and a cry was raised (for his death). So his neighbour came to the Messenger of Allah (ﷺ) and said to him: He has died. He asked: Who told you? He said: I have seen him. The Messenger of Allah (ﷺ) said: He has not died. He then returned.

A cry was again raised (for his death). He came to the Messenger of Allah (ﷺ) and said: He has died. The Prophet (ﷺ) said: He has not died. He then returned.

A cry was again raised over him. His wife said: Go to the Messenger of Allah (ﷺ) and inform him. The man said: O Allah, curse him.

He said: The man then went and saw that he had killed himself with an arrowhead. So he went to the Prophet (ﷺ) and informed him that he had died.

He asked: Who told you? He replied: I myself saw that he had killed himself with arrowheads. He asked: Have you seen him? He replied: Yes. He then said: Then I shall not pray over him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবন সামুরাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন